ঝিনাইদহে ৫’শ শিক্ষার্থীরা পেল করোনার টিকা

ঝিনাইদহে ১২ বছর থেকে স্কুল ও কলেজ পর্যায়ের ৫’শ শিক্ষার্থীকে করোনার ১ম ও ২য় ডোজের টিকা দেওয়া হয়েছে।

বুধবার সকাল থেকে বিকাল পর্যন্ত সদর উপজেলার কালিচরণপুর ইউনিয়ন পরিষদ চত্বরে এ টিকা কার্যক্রম চলে। ‘মুজিব বর্ষে স্বাস্থ্য খাত, এগিয়ে যাবে অনেক ধাপ’ এ শ্লোগানে ইউনিয়ন পরিষদ চত্বরে টিকা কার্যক্রমের উদ্বোধন করেন কালীচরণপুর ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম।

সেময় উপস্থিত ছিলেন কালীচরণপুর শৈলজানাথ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক উত্তম কুমার বিশ্বাস, সিনিয়র শিক্ষক শংকর কুমার মন্ডল, সহকারী স্বাস্থ্য পরিদর্শক নুইমা আক্তার, ইউপি সদস্য সাইদুর রহমান, মিজানুর রহমান মিজু, তৌহিদুর রহমান, লাল চাঁদ, শরিফুল ইসলাম, রেশমা খাতুন, রাজিয়া খাতুন, স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মীসহ নানা শ্রেণীপেশার মানুষ উপস্থিত ছিলেন।

পরে ওই এলাকার বিভিন্ন গ্রামের ৫’শ শিক্ষার্থীকে ফাইজারের টিকা দেওয়া হয়। জন্মনিবন্ধন ও শিক্ষা প্রতিষ্ঠান থেকে দেওয়া প্রত্যয়ন দিয়ে শিক্ষার্থীরা ১ম ও ২য় ডোজের টিকা গ্রহণ করেন। হাতের নাগালে ভোগান্তী ছাড়া টিকা পেয়ে সরকারকে ধন্যবাদ জানায় তারা।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় দুইজন আহত

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নাজমুল (২০) ও আসলাম (৬০) নামের দুই আহত হয়েছে।

বুধবার সন্ধ্যার দিকে মেহেরপুর সদর উপজেলা রাজনগর এ আর বি কলেজের সামনে এ দুর্ঘটনা ঘটে। আসলাম মেহেরপুর শহরের মল্লিকপাড়ার মৃত

আব্দুল কাদেরের ছেলে এবং নাজমুল সদর উপজেলার বারাদী পাটাপুকুর গ্রামের আনোয়ার হোসেনের ছেলে।

জানা গেছে আহত নাজমুল সহ তার কয়েকজন সঙ্গী এ আর বি কলেজের সামনের রাস্তা পার হচ্ছিল। এসময় মোটরসাইকেল আরোহী আসলাম পিছন দিক থেকে নাজমুলকে ধাক্কা মারলে নাজমুল ও আসলাম রাস্তার উপরে ছিটকে পড়ে দুজনেই আহত হয়।

আহত আসলাম ও নাজমুলকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আলমডাঙ্গার খাসবাগুন্দায় ২০ লিটার মদসহ আটক-৩

আলমডাঙ্গার ঘোলদাড়ি ফাঁড়ি পুলিশ খাসবাগুন্দা গ্রাম থেকে ২০ লিটার চোলাই মদসহ ৩ জনকে আটক করেছে। বুধবার বিকেল ৫টার দিকে খাসবাগুন্দা গ্রাম থেকে তাদের আটক করা হয়।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়নের খাসবাগুন্দা গ্রামে দীর্ঘদিন ধরে রাশিদুল হোসেন নামের এক মাদক ব্যবসায়ী চোলাই মদ বিক্রয় করে আসছেন। বিভিন্ন সময় আলমডাঙ্গা থানা ও ঘোলদাড়ি ফাঁড়ি পুলিশ অভিযান পরিচালনা করলেও মাদক ব্যবসায়ী রাশিদুল ধরা ছোয়ার বাহিরে থাকে।

বুধবার বিকেলে গোপন সংবাদের ভিত্তিতে ঘোলদাড়ি ফাঁড়ির আইসি উপপরিদর্শক এস আই সিদ্ধার্থ কুমার মন্ডলের নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় খাসবাগুন্দা গ্রামের শামছুল হকের লাউ ক্ষেতের মধ্য থেকে মাদক ব্যবসায়ী মৃত লুৎফর রহমানের ছেলে রাশিদুল হোসেন, সরোজগঞ্জ এলাকার সাইদুল ইসলামের ছেলে ইখতিয়ার, আবু সালামের ছেলে আব্দুর রহিমকে আটক করে। আটকের সময় তাদের নিকট থেকে ২০ লিটার চোলাই মদ উদ্ধার করে।

আটকৃত ৩ মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করা হয়েছে। তাদের সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করা হবে।

মেহেরপুরে ঢাকা পোষ্টের প্রথম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

জমকালো অনুষ্ঠানের মধ্য দিয়ে মেহেরপুরে পালিত হলো জনপ্রিয় অনলাইন পত্রিকা ঢাকা পোস্টের প্রথম বর্ষপূর্তী অনুষ্ঠান।

বুধবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমীতে বর্ষপূর্তী অনুষ্ঠানের কেক কাটেন অনুষ্ঠানের প্রধান অতিথী মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসুল।

মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযমের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন ঢাকা পোষ্টের জেলা প্রতিনিধি আকতারুজ্জামান।

বিশেষ অতিথি হিসেবে ঢাকা পোষ্টের অদম্য পথচলাকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু ও গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম।

দৈনিক মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিনের সঞ্চালনায় বক্তব্য রাখেন এনটিভির জেলা প্রতিনিধি রেজ আন উল বাসার তাপস ও বাংলাদেশ সংবাদ স্ংস্থা (বাসস) এর জেলা প্রতিনিধি দিলরুবা খাতুন প্রমুখ।

ঢাকা পোষ্টের বর্ষপূর্তী অনুষ্ঠানে প্রধান অতিথি আলহাজ্ব গোলাম রসুল বলেন, অনলাইনের প্রতিযোগীতায় মাত্র ৩৬৫ দিনের মধ্যে দেশ বিদেশের পাঠকদের কাছে আস্থার গণমাধ্যম হিসেবে স্থান করে বাংলাদেলের দ্বিতীয় স্থানে অবস্থান করাটা একটি বড় চ্যালেঞ্জ। বয়সের তুলনায় এমন স্থানে পৌঁছানোকে পত্রিকাটির সম্পাদক ও প্রকাশকের দক্ষতা,বিশ্বস্ততা ও দুরদর্শীতার দৃষ্টান্ত স্থাপন

করেছে। ঢাকা পোস্টের এই পথচলা অব্যাহত থাকলে শুধু দেশেই নয় বিদেশেও স্থান করে নেবে গণমাধ্যমের তালিকায়। ঢাকা পোষ্টের এই অদম্য পথচলাকে অব্যাহত রাখার আহবানসহ শুভকমানা জানিয়েছেন অনূষ্ঠানের অতিথিবৃন্দরা।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ ক্যাম্পের উদ্বোধন

‘স্বাস্থ্য আপনার মুল্যবান সম্পদ’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ ক্যাম্পের উদ্বোধন করা হয়েছে।

সোতোকান কারাতে দো’র আয়োজনে বুধবার সকালে শহরের টেনিস ক্লাব গ্রাউন্ডে এ প্রশিক্ষণ ক্যাম্পের উদ্বোধন করেন জেলা ক্রীড়া অফিসার মাহবুবুর রহমান।

সেসময় স্থানীয় জনপ্রতিনিধিসহ সংগঠনটির প্রশিক্ষক ও কর্মকর্তার উপস্থিত ছিলেন। আয়োজকরা জানান, ২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৫০ জন শিক্ষার্থীকে আত্মরক্ষার নানা কৌশল শেখাবেন জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিন, প্রশিক্ষক কাজী আলী আহম্মেদ লিকু।

এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের রক্ষার পাশাপাশি আত্মনির্ভরশীল হয়ে উঠবে বলে আশা তাদের।

মুজিবনগরে প্রত্যাশা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রাণী সম্পদ সম্পসারন কর্মকর্তা ডাঃ সুলতানা বেগম এর সঞ্চলনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত, উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। বিশেষ অতিথি পৌর মেয়র ফারুক হোসেন, জোড়াদহ ইউপি চেয়ারম্যান মোঃ জাহিদুল ইসলাম বাবু (মিয়া), চাঁদপুর কামাল হোসেন, দৌলতপুর আবুল কালাম আজাদ,প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান।

এই প্রদর্শনীর লক্ষ্য এবং উদ্দেশ্য হলো, খামারিদের আধুনিক প্রযুক্তির সাথে পরিচয় করিয়ে দেওয়া, সাধারণ মানুষকে নতুন নতুন প্রযুক্তি সম্পর্কে ধারণা দেওয়া। তেমনিভাবে মানুষকে বিভিন্ন ধরনের পশু পাখির সাথে পরিচয় করিয়ে দেওয়া। সেই সাথে গবাদি পশুর উৎপাদন বৃদ্ধি করার মধ্য দিয়ে দেশের অর্থনৈতিক অবকাঠামোর উন্নয়ন করা।

উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন বলেন, বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। গবাদী পশু কৃষকদের প্রধান সম্পদ, তারা এই পশু গুলোকে সন্তানের মতো লালন পালন করেন। সারা দেশের ন্যায় হরিনাকুণ্ডুতে ও প্রাণীসম্পদ প্রদর্শনী চলছে। আমি সরকারের এই উদ্দেশ্যকে সাধুবাদ জানাই।

এসময় উপজেলার বিভিন্ন এলাকার খামারী ৫২টি স্টলে তাদের গবাদি পশু নিয়ে প্রদর্শনীতে অংশগ্রহণ করেন। প্রদর্শনীতে অংশগ্রহণকারী বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ট খামারীদের মাঝে পুরষ্কার হিসাবে চেক ও সনদপত্র বিতরণ করা হয়।

মুজিবনগরে মহান একুশে ফেব্রুয়ারি উদযাপনে আওয়ামী লীগের প্রস্তুতি সভা

মুজিবনগরে মহান একুশে ফেব্রুয়ারি উদযাপনের উপজেলা আওয়ামী লীগের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১১ টার দিকে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে কেদারগঞ্জ বাজারে উপজেলা আওয়ামী লীগ কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের (সাবেক) সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন মল্লিক এর সভাপতিত্বে প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দিন বিশ্বাস।

উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সোহরাব হোসেন, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রশিদ বল্টু, মোনাখালী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জামাত আলী, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহ্বাযক বেলাল হাসান বিপ্লব।

এ ছাড়া প্রস্তুতি সভায় চার ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগ ও উপজেলা আওয়ামী লীগ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ৩০ হাজার টাকায় সুদে মুলে এখন ৮ লাখ টাকা, গৃহবধুর আত্মহত্যার চেষ্টা

৩০ হাজার টাকা নিয়ে সুদে মুলে এখন ৮ লাখ টাকা দাবী করেছেন সুদ কারবারী চম্পা খাতুন।এ নিয়ে স্বামী স্ত্রীর মতানক্য। এক পর্যায়ে মারধর করাই স্ত্রীকে মর্জিনা খাতুন ঘরে থাকা ঘাস মারা কীটনাশক পান করে আত্মহত্যা করতে চেয়েছেন।

আজ বুধবার (১৬ ফেব্রুয়ারী) বেলা সাড়ে ১২ টার দিকে কীটনাশক পান করে তিনি।

মর্জিনাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা হাসপাতাল ও সেখান থেকে

কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠিয়েছেন চিকিৎসক। ঘটনাটি গাংনী উপজেলার তেরাইল গ্রামের ওলিনগরপাড়া এলাকার আলগামন চালক বকুল হোসেনের স্ত্রী।

মর্জিনার স্বামী বকুল হোসেন জানান, পাশের বাড়ির সুলতান হোসেনের মেয়ে চম্পা খাতুনের কাছ থেকে সাম্প্রতিক সময়ে ৩০ হাজার টাকা সুদের উপর নেন আমার স্ত্রী মর্জিনা খাতুন। এর মধ্যে পুরা টাকা পরিশোধ করেও দিয়েছি। তারপরেও চম্পা খাতুন আমার স্ত্রীর কাছে ৮ লাখ টাকা দাবী করে সব সময় নানাভাবে হুমকী ধামকী দিচ্ছেন। এ নিয়ে আমাদের স্বামী স্ত্রীর মধ্যে কথা কাটাকাটি হয়। পরে অভিমানে সে ঘরে থাকা ঘাস মারা কীটনাশক পান করেন। মূমূর্ষ অবস্থায় তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে নিলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক হামিদুল ইসলাম জানান, তার অবস্থার অবনতি হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে গবাদী পশু ও পাখি মেলা

মেহেরপুরের গাংনীতে প্রাণিসম্পদ বিভাগের উদ্যোগে বিভিন্ন উন্নত জাতের গবাদী পশু ও পাখির প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।

আজ বুধবার সকালে গাংনী উপজেলা প্রাণিসম্পদ অফিস চত্ত্বরে আয়োজিত এ প্রদর্শনীর উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান এমএ খালেক।

প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেনারী হাসপাতাল এ প্রদর্শনীর আয়োজন করে।

উপজেলা প্রণিসম্পদ কর্মকর্তা মোস্তফা জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথী ছিলেন গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন।

প্রদর্শনীতে বিভিন্ন উন্নত জাতের গবাদী পশু ও পাখির ২৯টি স্টল ঠাঁই পেয়েছে।